



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩




web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmssc@gmail.com

তারিখ : ১৩/০৭/২০২৩ খ্রি.

‘আমার চোখে বঙ্গবন্ধু’ ভিডিও চিত্র তৈরির প্রতিযোগিতা সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে ‘আমার চোখে বঙ্গবন্ধু’ বিষয়ে উপজেলা, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে ০১ মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী (ভিডিও চিত্র তৈরীর নির্দেশনা সংযুক্ত) করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৬/০৭/২০২৩ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে বাংলা বিষয়ের প্রভাষক, জনাব মো: রবিউল ইসলাম (০১৭২৭-২২৪৪৫৫) এর নিকট যোগাযোগ করার জন্য বলা হলো।

শ্রেণি	গ্রুপ	বিষয়
৩য় হতে ৫ম	ক	‘আমার চোখে বঙ্গবন্ধু’
৬ষ্ঠ হতে ১০ম	খ	
১১শ হতে ১২শ	গ	


১৩/০৭/২০২৩
অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

সিদ্ধান্ত:

৩.১। উপজেলা, মেট্রোপলিটন, জেলা, বিভাগীয় এবং জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ০৩টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায় খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করতে হবে।

৩.২। নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী ভিডিওটি নির্মাণ করতে হবে:

- ক) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- খ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- গ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;
- ঘ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ঙ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- চ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ছ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- জ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঝ) ভিডিওটি মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ঞ) ভিডিও-র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ঠ) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।